# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

BENGALI

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

REACHING NATIONS

India's National Spiritual Newspaper

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXIV | FEBRUARY 2023 | No. 12


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

হিতোপদেশ ৩:২৬-৩৫

২৬। কারণ সদাপ্রভু তোমার পাশে দাঁড়াবেন ও তোমার পা-কে ফাঁদে পডা থেকে তিনিই রক্ষা করবেন।

২৭। যাদের মঙ্গল করা উচিত তাদের মঙ্গল করতে অসম্মত হোয়ো না,যখন তা করার ক্ষমতা তোমার আছে।

২৮। তোমার প্রতিবেশীকে বোলো না, "আগামীকাল আবার এসো ও আমি তোমাকে তা দেব" - যখন তোমার কাছেই তা আছে।

২৯। তোমার সেই প্রতিবেশীর অনিষ্ট করার ষড়যন্ত্র কোরো না,যে তোমাকে বিশ্বাস করে তোমার পাশেই বসবাস করছে।

৩০। অকারণে কাউকে দোষারোপ কোরো না— যখন সে তোমার কোনও ক্ষতি করেনি।

৩১। হিংস্র প্রকৃতির মানুষকে হিংসা কোরো না বা তাদের কোনও পথ মনোনীত কোরো না।

৩২। কারণ সদাপ্রভু উচ্ছৃঙ্খলদের ঘৃণা করেন কিন্তু ন্যায়পরায়ণদের সাথে তিনি ঘনিষ্ঠতা বাড়ান।

৩৩। দুষ্টের বাড়ির উপরে সদাপ্রভুর অভিশাপ নেমে আসে, কিন্তু ধার্মিকের ঘরকে তিনি আশীর্ব্বাদ করেন।

৩৪। অহংকারী-ঠাট্টা-বিদ্রূপকারীদের তিনি বিদ্রূপ করেন কিন্তু নম্র ও নিপীড়িতদের প্রতি তিনি অনুগ্রহ দেখান।

৩৫। জ্ঞানবানেরা সম্মানের অধিকারী হয়, কিন্তু মূর্খেরা শুধু লজ্জাই পায়।

# বিশাল রহস্য

THE GREAT MYSTERY

**"এ এক বিশাল রহস্য, কিন্তু আমি খ্রীষ্ট ও তাঁর মণ্ডলী সম্বন্ধে একথা বলছি"** (ইফিষীয় ৫:৩২)

( প্রধান মণ্ডলীতে পাস্টর এস. স্যাম সেলভা রাজ কতৃক প্রদত্ত বাণী)

পৃথিবীতে স্বর্গের কর্তৃত্ব অনুশীলন করার জন্য ঈশ্বরের মণ্ডলী হচ্ছে ভিত্তি। মণ্ডলী হচ্ছে সাধুদের সহভাগিতা। প্রেরিতদের কার্যবিবরণের প্রথম দশটি অধ্যায় অনুসারে, যে লোকেরা যীশু খ্রীষ্টের সঙ্গে ছিলেন এবং তাঁর সঙ্গে বাস করেছিলেন এবং তাঁর ভালোবাসা আস্বাদন করেছিলেন তাদেরকে 'শিষ্য' নাম প্রদত্ত হয়েছিল। আদি শিষ্যদের 'খ্রীষ্টিয়ান' নামে অভিহিত করা হয়েছিল ( প্রেরিত ১১:২৬)। বাকী লোকেরা তাদের সঙ্গে যোগদান করার সাহস পায়নি (প্রেরিত ৫:১৩)।

বিশ্বস্ত খ্রীষ্টিয়ানরা মিথ্যা কথা বলে না, অন্যদের ঠকায় না এবং চালাকী করে না। তারা প্রভুর ভয়ে চলে। আপনার সঙ্গে যদি কিছু লোক বিশ্বাসঘাতকতা করে, তাহলে তার অর্থ তারা ঈশ্বরের সন্তান নন। আপনি ঈশ্বরের সন্তাদের সঙ্গে খোলা মনে কথা বলতে পারেন। যারা যীশুর আদর্শ অনুসরণ করেন,এবং যারা তাঁর পদাঙ্ক অনুসরণ করেন তারা ঈশ্বরের সন্তান। যারা যীশু খ্রীষ্টকে অনুসরণ করেন, তারা সমস্ত পরিস্থিতিতে তাঁকে প্রতিফলিত করেন; পরিস্থিতির দ্বারা প্রভাবিত হলে তারা যীশু খ্রীষ্টকে অস্বীকার করে না অথবা তাদের নিজেদের লাভের জন্য পরিচর্যা কাজের অপব্যবহার করে না।

এই জগতের সব থেকে বড় রহস্য হচ্ছে ঈশ্বরের মণ্ডলীর মধ্যে সম্পর্ক, অর্থাৎ ঈশ্বরের সন্তানদের সঙ্গে ঈশ্বরের সহভাগিতা। প্রভু যীশু খ্রীষ্ট মণ্ডলীর মাধ্যমে তাঁর বিশ্বাসীদের স্বর্গ থেকে এই রহস্য বণ্টন




## তাঁর আহ্বানের প্রতিধ্বনি

ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল! ৫ মিনিটের বাণী!!

ইংরাজী এবং হিন্দি
প্রত্যেক দিন ভোর ৪টে

তামিল এবং তেলেগু - ভোর ৫টা
তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

মালয়ালাম ভাষায় বাণী প্রচার প্রস্তাব এবং প্রার্থনার অধীনে আছে!! অনুগ্রহ করে প্রার্থনা করুন।

আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



REACHING NATIONS

## *from your dearly beloved brother...*



**"...আমি তোমার সামনে এক দরজা খুলে রেখেছি, যা কেউ বন্ধ করতে পারে না...।"** প্রকাশিত বাক্য ৩:৮

প্রভুতে প্রিয় ভাই এবং বোনেরা,

আমাদের প্রভু যীশু খ্রীষ্টের নামে আমরা আপনাদের শুভেচ্ছা জানাই।

আমাদের আহ্বানের প্রতিধ্বনি পত্রিকা এবং ইউটিউব চ্যানেলের বাণীগুলোর মাধ্যমে আমরা সুসমাচার সম্প্রসারিত করার আমাদের উদ্যোগের কারণে আমরা যে আশীর্ব্বাদ লাভ করেছি তার জন্য আমরা ঈশ্বরকে ধন্যবাদ জানাই। পাস্টর অ্যালেকস্ স্যামসন স্যাম, পাস্টর চিন্নাইয়া, ভাই এবং বোন ধনম চিন্নাইয়া, মেরী ম্যাগডেলিন এন. প্রকাশম, ক্রিশ্চিনা জেবা কুমারী চিন্নাইয়া, বি. সারান, পাস্টর বিদ্যাধর, অব্রাহাম, সালোমী অব্রাহাম, গীতা গুরুস্বামী, ডেইজী রাণী, শলোমন রবার্ট, যোশুয়া রবার্ট, এডমণ্ড থমাস ইত্যাদি ঈশ্বরের প্রিয় সন্তানদের জন্য আমি ঈশ্বরের প্রশংসা করি যারা আমার সঙ্গে ইউটিউব চ্যানেল পরিচর্যায় কাজ করছেন।

আমরা কমপক্ষে কিছু সংখ্যক লোককে পাপের ভয়ঙ্কর প্রকৃতি থেকে এবং অভিশাপের খপ্পর থেকে উদ্ধার করার চেষ্টা করছি। আপনাদের প্রচুর প্রার্থনা আমাদের প্রয়োজন। পরিচর্যার কাজ খুব কঠিন। তাকে প্রতিরোধ করার আমাদের অতীব সামর্থের বিরুদ্ধে দিয়াবল কঠোরভাবে কাজ করছে। একমাত্র আমাদের প্রিয় প্রভু আমাদের আবৃত করে রেখেছেন এবং সুরক্ষা করছেন।

আমরা আপনার ক্লেশ এবং সমস্যাগুলিও জানি এবং আপনার জন্য প্রার্থনা করি।

ঈশ্বরের ইচ্ছা হলে ২০২৩ সালের জুন মাসে আমরা আমাদের নহিমিয় বাইবেল কলেজের গ্রাজুয়েশন অনুষ্ঠানের আয়োজন করবো। ২০২৩-২৪ শিক্ষাবর্ষে আমাদের নতুন শিক্ষার্থীদের প্রয়োজন যারা ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য আহূত। অনুগ্রহ করে এর জন্য প্রার্থনা করবেন। এ ধরণের শিক্ষার্থীদের আমাদের সঙ্গে পরিচয় করিয়ে দিন। কোনও রকম বস্তুগত লাভের অভিপ্রায় ছাড়াই, আমরা সুসমাচার প্রসারের জন্য কঠোর পরিশ্রম করছি। আমাদের তামিল এবং হিন্দি বাইবেল কলেজের জন্য এবং আমাদের বহুমুখী পরিচর্যা কাজের জন্য অনুগ্রহ করে প্রার্থনা করুন।

আমরা আপনাদের জন্য প্রার্থনা করি। ঈশ্বরের অনুগ্রহ আপনাদের সহবর্তী হোক। আমেন।

যীশু খ্রীষ্টে আপনাদের দাস

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং অ্যালেকস স্যামসন স্যাম।**

(+91) 98412 71858 / 98410 71858, E.mail : samselvaraj333@gmail.com

### আমাদের মিশনের নীতি

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।

CHIEF EDITOR
Angeline Selvakumari Henry, M.A., M.Ed.
MANAGING EDITOR
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.
ADMINISTRATION
Bro. N. Prakasam, M.A., General Manager
EDITORIAL BOARD
Sis. Jesy Veena Sam
Sis. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Dr. A. Richard Samuel, M.A., Ph.D.
Rev. Dr. K.R. Rajasekaran
EDITOR, PUBLISHER & PRINTER
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 95661 31858
CORE LEADERS
Bro. K. Puratchivendan
Bro. A. Edward Durai
Bro. A. Alvin
Bro. K. Abraham
Sis. Dhanalakshmi Chinnaiah
E.mail ID
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in
WEBSITES
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com
YOUTUBE CHANNEL
Echo of His Call

করছেন। যারা ঈশ্বর থেকে জাত তারা ঈশ্বরের সন্তান। দরিদ্র অথবা ধনী পরিস্থিতিগুলি থেকে লোকেরা আসতে পারে, অথবা যারা চোখের জলের উপত্যকার মধ্যে দিয়ে আসতে পারে। এটাও হতে পারে তারা হচ্ছে সেই সমস্ত লোক যারা তাদের জীবনের আশা হারিয়েছেন অথবা যারা আর কোনও কাজের অযোগ্য। কিন্তু যারা যীশু খ্রীষ্টে বিশ্বাস করেন তারা যীশু খ্রীষ্টে জন্মগ্রহণ করেছেন (যোহন ১:১৩)।

এই জগতে বিজয়ী জীবন যাপন করার জন্য

একজন মানুষের যে সমস্ত সত্যগুলি জানা প্রয়োজন হয় তা মণ্ডলী এবং যীশু খ্রীষ্টের গোপন সম্পর্কের মধ্যে থাকে। কিন্তু মানুষ তাদের জীবনে উন্নতি করারজন্য এবং আনন্দ এবং শান্তি খোঁজার জন্য এই পথকে উপেক্ষা করে অন্য বিভিন্ন পথে তা পাওয়ার চেষ্টা করে। যদিও বাইবেলে অনেক রহস্যগুলি পাওয়া যায়, যখন আমরা যীশু খ্রীষ্ট এবং মণ্ডলীর মধ্যে সম্পর্কের মহারহস্যকে ব্যবহার করি, তখন আমাদের জীবনে পরিবর্তনগুলি ঘটে এবং আমরা উন্নত হই।

জগতের ত্রাণকর্তা, যীশু খ্রীষ্টের এবং তাঁর মণ্ডলীর বিষয় সত্য ঘটনাগুলি সময় অথবা সংস্কৃতি অথবা পরিস্থিতিগুলি এবং নতুন প্রযুক্তির দ্বারা পরিবর্তিত করা যায় না। কয়েক জন লোক চিন্তা করেন যে খ্রীষ্টধর্ম হচ্ছে একটি অবাঞ্ছিত ধর্ম অথবা যীশু খ্রীষ্টের সম্পর্কে ভুল তথ্য দেওয়ার কারণে অথবা স্পষ্ট জ্ঞান না দেওয়ার কারণে খ্রীষ্টধর্ম গ্রহণের উপযোগী নয়। কিন্তু এই মন্তব্য সম্পূর্ণ ভুল। যীশু খ্রীষ্টকে বিশ্বস্তভাবে অনুসরণ করার কারণে এমন কেউ আছেকী যে পরিত্যক্ত হয়েছে? কেউ কি গরীব হয়েছে? কেউ কি কোনও ভাবে অন্য কাউকে কষ্ট দিয়েছে? এই প্রশ্নগুলির ক্ষেত্রে কেউ কখনও 'হাঁ' বলতে পারবে না। "আমি তরুণ ছিলাম এবং এখন প্রবীণ হয়েছি, কিন্তু আমি দেখিনি যে ধার্মিকদের পরিত্যাগ করা হয়েছে" (গীত ৩৭:২৫)। যারা যীশুকে অনুসরণ করে তাদের কাউকে কখনও খাবারের জন্য ভিক্ষা করতে হয় না।

যীশু খ্রীষ্টের জন্ম এবং নতুন বছর কেবল খ্রীষ্টানদের দ্বারা উদযাপিত হয় না, কিন্তু সমস্ত দেশের সমস্ত লোকেরা এবং সমস্ত ধর্মের লোকেরা বড়দিন উদ্‌যাপন করে। জানুয়ারীর প্রথম দিন, সমস্ত মন্দিরগুলিতে এবং সমস্ত ধর্মীয় আরাধনার স্থানে বিশেষ অনুষ্ঠান এবং আরাধনা করা হয়।কেন? সত্য সর্বদাই সত্য। একজন ব্যক্তি দীর্ঘদিন সত্যকে লুকিয়ে রাখতে পারে না। যীশু খ্রীষ্টই পৃথিবীর ইতিহাসকে খ্রীষ্টপূর্ব এবং খ্রীষ্টাব্দে বিভক্ত করেছিলেন। জগৎ বিপথগামী হওয়ার কারণে, প্রভু যিনি এই পৃথিবী সৃষ্টি করেছিলেন তিনি মানবরূপী যীশু খ্রীষ্টের আকার গ্রহণ করেছিলেন এবং তিনি তাঁর জন্ম, মৃত্যু এবং পুনরুত্থানের দ্বারা আমাদের জন্য তাঁর মহান ভালোবাসা প্রকাশ করেছিলেন (রোমীয় ৫:৮)। যখন সমস্ত সমাধিক্ষেত্রগুলিতে মৃতদের কবরগুলো বন্ধ থাকে, তখন যীশু খ্রীষ্টের কবর খোলা থাকে, কেন? তিনি প্রভু এবং ত্রাণকর্তা যিনি মৃত্যুকে জয় করেছিলেন এবং মৃতদের থেকে উত্থিত হয়েছিলেন! যে কেউ যীশু খ্রীষ্টের মণ্ডলীকে ঘৃণা করতে পারে এবং মণ্ডলীর উপর অত্যাচার করতে পারে। কিন্তু ঈশ্বরের মণ্ডলী লোকদের নিয়ন্ত্রণাধীন নয়। এটি ঈশ্বরের নিয়ন্ত্রণে সরাসরি কাজ করে।

জগতের সূচনা থেকেই, ঈশ্বরের সন্তানদের এই সহভাগিতা ভয়ঙ্কর ক্লেশ এবং বিরোধীতার অভিজ্ঞতা লাভ করে আসছে। কিন্তু কেউ ঈশ্বরের মণ্ডলীর বিস্তার নিয়ন্ত্রণ করতে পারে না। ইতিহাসে, আমরা বিভিন্ন দেশের এবং শাসকদের সম্পর্কে পাঠ করি যারা ঈশ্বরের মণ্ডলীকে নিয়ন্ত্রণ করার চেষ্টা করেছিল, তারা এমনভাবে মণ্ডলীকে নিশ্চিহ্ন করার চেষ্টা করেছিল যা কল্পনা করা যায় না। সেই কারণে, আমাদের অনেক বুদ্ধির সঙ্গে সুসমাচার ঘোষণা করা উচিত। যারা ঈশ্বরের গৌরব সম্পর্কে জানে না, তারা যখন ঈশ্বরের সম্পর্কে জানতে পারে,তারা শান্তি পায়। এমনকী আজকের দিনেও অনেক লোক জগতের বিভিন্ন অংশ থেকে মণ্ডলীতে যুক্ত হচ্ছেন। প্রতিদিন অগণিত মণ্ডলী স্থাপিত হচ্ছে।

## ১। আমি আমার মণ্ডলী গড়ে তুলবো

যীশু যখন কৈসরিয়া-ফিলিপী অঞ্চলে এলেন, তিনি তাঁর শিষ্যদের জিজ্ঞাসা করলেন, "মনুষ্যপুত্র কে, এ-সম্বন্ধে লোকে কী বলে?"

তাঁরা উত্তর দিলেন, "কেউ কেউ বলে আপনি বাপ্তিস্মদাতা যোহন; অন্যেরা বলে এলিয়; আবার আরও অনেকে বলে যিরমিয় বা ভাববাদীদের মধ্যে- কোনো একজন।"

তিনি জিজ্ঞাসা করলেন, "আর তোমরা? তোমরা কী বলো, আমি কে?"

শিমেন পিতর উত্তর দিলেন, "আপনি সেই খ্রীষ্ট,জীবন্ত ঈশ্বরের পুত্র।"

যীশু উত্তর দিলেন, "যোনার পুত্র শিমোন ধন্য তুমি, কারণ রক্ত মাংসের কোনো মানুষ এ তোমার কাছে প্রকাশ করেনি, কিন্তু আমার স্বর্গস্থ পিতাই প্রকাশ করেছেন" (মথি ১৬:১৭-১৮)।

এখানে আমাদের প্রভু শিমোনকে জিজ্ঞাসা করছেন অন্য লোকেরা তাঁর সম্পর্কে কী বলেন। অন্য লোকেরা তাঁর সম্পর্কে কী বলেন সেই বিষয়ে যীশু খ্রীষ্টেরও এক ধরণের ধারণা ছিল। এর থেকে আমরা বুঝতে পারি যে প্রত্যেক আত্মিক নেতার জানা প্রয়োজন অন্যরা তার সম্পর্কে কী কথা বলে। একজনের বলা উচিত নয়, "আমার সম্পর্কে অন্যরা কী বলেন সেই বিষয় আমি কোনও তোয়াক্কা করি না, আমি আমার বিবেক যা বলে সেই অনুসারে কাজ করি।" যীশু খ্রীষ্ট যখন পিতরকে জিজ্ঞাসা করেছিলেন অন্যরা তাঁর সম্পর্কে কী বলেন, শিমোন উত্তর দিয়েছিলেন, "আপনি জীবিত ঈশ্বরের পুত্র, যীশু খ্রীষ্ট।" এখানে পিতর যে প্রত্যাদেশ লাভ করেছিলেন তার দ্বারা কথা বলছিলেন। যীশু খ্রীষ্ট বলেছিলেন যে রক্তমাংস তাঁর কাছে এটি প্রকাশ করেনি, কিন্তু স্বর্গীয় পিতা তার কাছে এটি প্রকাশ করেছিলেন। বর্তমানে লোকেরা খ্রীষ্টানদের বোকা, অজ্ঞ লোক মনে করে, যারা খ্রীষ্টধর্ম প্রচার করছে এবং যারা লোকদের পরিবর্তিত করে। একজন ব্যক্তি যদি যীশুকে তার ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করে, তার অর্থ হচ্ছে রক্ত এবং মাংস তার কাছে এটা প্রকাশ করেনি, কিন্তু স্বর্গীয় পিতা করেছেন।

আমাদের মধ্যে সকলেই যারা যীশু খ্রীষ্টকে আমাদের ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করেছে তারা হচ্ছেন সেই সমস্ত লোক যারা সদাপ্রভুর কাছ থেকে প্রত্যাদেশ লাভ করেছেন। যারা তাদের জীবনে প্রত্যাদেশগুলি লাভ করেছেন তারা স্বর্গীয় পিতার লোক হয়েছেন এবং তাদের অতীত জীবনের বিষয় বিবেচনা করা হয়নি।

আপনি বলতে পারবেন না যে প্রভু আপনার সঙ্গে কথা বলেননি অথবা আপনি প্রভুর রব শোনেননি অথবা প্রভুর সঙ্গে আপনার কোনও সম্পর্ক নেই। কারণ, প্রভু শিমোন পিতরকে বলেছিলেন "...কারণ রক্তমাংসের কোনো মানুষ এ তোমার কাছে প্রকাশ করেনি, কিন্তু আমার স্বর্গস্থ পিতাই প্রকাশ করেছেন।" সেই কারণে, তুমি তোমার ত্রাণকর্তা হিসাবে যীশু খ্রীষ্টকে গ্রহণ করেছো। যীশু খ্রীষ্ট হচ্ছেন প্রকৃত ঈশ্বর, সমস্ত

দেবতাদের ঈশ্বর এবং জগতের সব থেকে উচ্চ। এটি স্বর্গীয় প্রত্যাদেশ। একজন ব্যক্তি প্রভুর প্রত্যাদেশ লাভ করা ছাড়া কোনও বাধ্যবাধকতার দ্বারা অথবা অন্যদের প্রচেষ্টার দ্বারা যীশু খ্রীষ্টকে গ্রহণ করতে পারে না। সেই কারণে, যারা স্বর্গীয় প্রত্যাদেশ লাভ করেছেন তাদের এই জগতের থেকে পৃথক এবং একটি ভিন্ন ধরণের জীবন যাপন করা উচিৎ।

লোকেরা বিভিন্নভাবে তাদের জীবনে উন্নতি করার চেষ্টা করছে, কিন্তু বাইবেল কেবলমাত্র ঈশ্বরের সন্তানদের শিক্ষা দেয় অথবা সেই সমস্ত লোকদের শিক্ষা দেয় যারা এই প্রত্যাদেশ লাভ করেছেন যে তিনি তাদের যে সমস্ত শিক্ষা দিয়েছেন তা অদ্ভুত মনে হলেও, যারা সেই শিক্ষানুসারে জীবন যাপন করেন তাদের তিনি জীবনে উন্নতি দেবেন।

## ২। আমার মণ্ডলী!

এই পৃথিবীতে যে কেউ যে কোনও কাজ করতে পারে। কিন্তু মণ্ডলী নির্মাণের কাজ প্রভুর হাতে থাকে। মথি ১৬:১৮ পদে, যীশু খ্রীষ্ট বলেছেন, "আমি আমার মণ্ডলী নির্মাণ করবো।" তিনি বলেননি যে পিতর অথবা পৌল মণ্ডলী নির্মাণ করবেন। নরকের দ্বারগুলি এর বিরুদ্ধে জয়ী হবে না।

ঈশ্বরের সন্তানদের সমাবেশই হচ্ছে মণ্ডলী। এটি সাধারণ একটি বিল্ডিং নয়। আমি যখন বলি যে এই মণ্ডলীতে একটি উপাসনা সভা আছে, তখন ঐ বিল্ডিংটিকে বোঝায় না। এটি একটি জায়গাকে বোঝায় যেখানে ঈশ্বরের সন্তানরা একত্রিত হয়। ঈশ্বর নিজে ঈশ্বরের মণ্ডলী নির্মাণ করেন। একটি মণ্ডলীতে একত্রিত আমরা সকলে হচ্ছি ঈশ্বরের মণ্ডলী।

প্রভু আপনাকে ঈশ্বরের লোক হিসাবে গড়ে তুলবেন। ঈশ্বর প্রতিজ্ঞা করেছেন যে নরকের দ্বার সকল তোমার বিরুদ্ধে জয়ী হতে পারবে না। আমরা যখন এই বিষয়টি গ্রহণ করি, তখন আপনার উচিত আপনার জীবনে মণ্ডলীকে গুরুত্ব দেওয়া। প্রভু বলেছেন যে তিনি আমাদের গড়ে তুলবেন এবং তিনি আমাদের সমৃদ্ধ করবেন। পাতালের দ্বারগুলি এর উপর জয়ী হতে পারবে না। প্রভু তাঁর হাতে এই নিশ্চয়তা রেখেছেন। প্রভু আপনার সমস্যাগুলি এবং কষ্টগুলি দেখবেন এবং আপনি গড়ে তুলবেন, কারণ আপনি তাঁর মণ্ডলী। দিয়াবলের থেকে যে রোগব্যধি, ক্লেশগুলি, ঋণ, দারিদ্র আপনার জীবনে আসে তা আপনার বিরুদ্ধে জয়ী হতে পারবে না। রক্ত এবং মাংস আপনার কাছে প্রকাশ করতে পারে না যে তিনি ঈশ্বর। যারা ঈশ্বরের মণ্ডলীতে সমবেত হন, তারা কখনও পরিত্যক্ত হবেন না।

ঈশ্বর তাদেরকে পাথরের উপর নির্মিত বাড়ির সঙ্গে তুলনা করেছেন। একজন ব্যক্তি বালির উপর গৃহ নির্মাণ করেছিল, প্রচণ্ড ঝড় এবং বৃষ্টিতে সেই গৃহ ধ্বংস হয়ে গিয়েছিল। অন্য আরেক জন পাথরের উপর গৃণ নির্মাণ করেছিল। সেখানেও প্রচণ্ড ঝড় এসেছিল, মুষলধারে বৃষ্টি পড়েছিল এবং তার উপর দিয়ে জলের স্রোত প্রবাহিত হয়েছিল। কিন্তু সেই বাড়িটি দৃঢ়ভাবে দাঁড়িয়েছিল। তিনি আপনাকে গড়ে তুলবেন কারণ আপনি তাঁর মণ্ডলী। নরকের দ্বারগুলি আপনার বিরুদ্ধে জয়ী হতে পারবে না। প্রভু বলেছেন যে তিনি আপনার সঙ্গে সেই লোকটির তুলনা করবেন যে পাথরের উপর তার গৃহ নির্মাণ করে।

আমরা যখন ঈশ্বরের মণ্ডলীর মধ্যে থাকি কেবল তখনই আমরা বিজয়ী হই। এই কারণেই বাইবেলে বলা হয়েছে যে আমরা যেন সভায় একত্রিত হওয়ার অভ্যাস পরিত্যাগ না করি (ইব্রীয় ১০:২৫)। অনেকের কাছে, ঈশ্বরের মণ্ডলীতে আসা কঠিন- মণ্ডলী অনেক দূরে অবস্থিত, তারা ক্লান্ত, যানবাহনের অভাব, ইত্যাদি, এই কারণে এই লোকেরা ঈশ্বরের মণ্ডলীতে যাওয়ার, আরাধনা করার এবং ঈশ্বরের আশীর্ব্বাদ লাভ করার সুযোগ হারিয়েছে। এই রহস্য মহৎ, যীশু খ্রীষ্ট এবং ঈশ্বরের মণ্ডলীর মধ্যে সম্পর্কের রহস্য। যদি আপনি একটি মণ্ডলীর মধ্যে থাকেন তাহলে জগতের কোনও কিছুই আপনার উপর জয়ী হতে পারবে না। আপনি বিজয়ী হবেন।

যারা ঈশ্বরের মণ্ডলীর সদস্য- যে সাধুরা তাঁর মণ্ডলীতে অংশ গ্রহণ করে-যারা যীশু খ্রীষ্টকে তাদের ত্রাণকর্তারূপে গ্রহণ করেছেন তারা উচ্চ শ্রেণীর লোক। পৃথিবীতে কোনও শক্তি তাদেরকে ধ্বংস করতে পারবে না। আপনার জীবনের সমস্ত পরাজয়গুলো আপনার জন্য বিজয়ে পরিণত হবে।

*(ক্রমশঃ ৬ পৃষ্ঠায়)*


नहेम्याह बाइबल कॉलेज
रेसिडेन्शल कॉलेज, चेन्नई।

ECHO OF HIS CALL 1966-2016
REACHING NATIONS

माध्यमः हिन्दी

Regd. Candidate for Membership ATA NEHEMIAH BIBLE COLLEGE CHENNAI ECHO OF HIS CALL Estd. 1966

*सदस्यता के लिए पंजीकृत उम्मीदवार* - ATA

सुविख्यात अंतर्राष्ट्रीय मसीही अगुवे तथा पिछले 53 वर्षों से सेवारत वरिष्ठ पासवान

सर्टिफिकेट इन थियोलॉजी – 1 साल

योग्यता 10 वी या अधिक
जल्दी करें!

**Contact : The Chairman, Nehemiah Bible College.**

**10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.**
**Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858**
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

✶ ऑनलाइन कक्षाएं उपलब्ध हैं ✶

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে ফেব্রায়ারী থেকে ১৮ই মার্চ, ২০২৩)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)



### প্রশংসার বিষয়সমূহ

**ফেব্রুয়ারী ১৯** : ঈশ্বর আমাদের বরিষ্ঠ পালক পাস্টর এস. স্যাম সেলভা রাজকে এবং তাঁর পরিবারকে সমস্ত মন্দ শক্তির হাত থেকে সুরক্ষা করছেন।

**দিন ২০:** আমাদের মণ্ডলীর সমস্ত কার্যকলাপের সঙ্গে ইয়ুথরা উৎসাহের সঙ্গে অংশ গ্রহণ করার বিষয়ে ঈশ্বর আশীর্বাদ করছেন।

**দিন ২১:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের উপর তাঁর করুণার জন্য।

**দিন ২২:** আমরা আমাদের মিডিয়া দলটির জন্য ঈশ্বরের প্রশংসা করি কারণ তারা আমাদের আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব চ্যানেলের সম্প্রচারকে মসৃণভাবে চালাতে সাহায্য করছেন।

**দিন ২৩:** আমাদের ইউ টিউ ব চ্যানেলের সম্প্রচারের জন্য ঈশ্বর আমাদের বিশেষ ক্যামেরা দিয়ে আশীর্বাদ করেছেন।

**দিন ২৪:** বহুমুখী পরিচর্যা কাজের মাধ্যমে সুসমাচার প্রচারের প্রতি আমাদের বরিষ্ঠ পাস্টর এস. স্যাম সেলভা রাজ মহাশয়ের অঙ্গীকারবদ্ধতার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৫:** আমাদের আহ্বানের প্রতিধ্বনির কর্মী এবং তাদের পরিবারগুলির সুস্বাস্থ্য এবং স্বর্গীয় সুরক্ষার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৬:** আমাদের অংশীদারদের নৈতিক এবং আর্থিক সাহায্যসহ আশীর্বাদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৭:** সুসমাচার অপ্রসারিত বহুভাষী লোকদের কাছে পৌঁছানোর জন্য আমাদের মিডিয়া পরিচর্যা এবং আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব চ্যানেলকে আশীর্বাদ করার জন্য।

**দিন ২৮:** আমাদের ২০২৩ সালের ক্যালেণ্ডার এবং প্রমিস কার্ড ছাপানো সম্পূর্ণ করতে অনুগ্রহ দান করার জন্য এবং সেগুলি বিভিন্ন জায়গায় পাঠাতে সাহায্য করার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**মার্চ ০১:** আরও অধিক সঙ্ঘবদ্ধ ভাবে কাজ করতে আমাদের মণ্ডলী পরিচর্যাকে আশীর্বাদ করার জন্য।

**দিন ০২:** আমাদের আবাসিক নহিমিয় বাইবেল কলেজের শিক্ষার্থীদের মিউজিক ক্লাসের ব্যবস্থা করার জন্য।

**দিন ০৩:** আবাসিক নহিমিয় বাইবেল কলেজে এবং সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে বড়দিনে বিশেষ অনুষ্ঠানগুলিকে আশীর্বাদ করার জন্য।

### প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ০৪:** ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে আমাদের আবাসিক এবং সান্ধ্য নহিমিয় কলেজে যোগ্য শিক্ষার্থীদের ভর্ত্তির জন্য।

**দিন ৫:** ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে নতুন শিক্ষার্থীদের ভর্ত্তির জন্য।

**দিন ৬:** আমাদের সিনিয়ার পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারকে সমস্ত মন্দ শক্তির হাত থেকে সুরক্ষার জন্য।

**দিন ৭:** রূপান্তরিত কোভিডের হাত থেকে পৃথিবীর বিভিন্ন দেশগুলিকে স্বর্গীয় সুরক্ষার জন্য।

**দিন ৮:** আমাদের ছাপাখানার কর্মীদের, গাড়ীর চালকদের এবং কম্পিউটার অপারেটারের মতো প্রযুক্তিগত কর্মীদের জন্য।

**দিন ৯:** বিভিন্ন দেশের শিশুরা এবং ইয়ুথরা যেন প্রভু যীশুকে তাদের ব্যক্তিগত ত্রাণকর্তারূপে গ্রহণ করে।

**দিন ১০:** ব্যভিচার না করে খ্রীষ্টিয় প্রচারকগণ যেন ত্রুটিহীনভাবে সুসমাচার প্রচার করে।

**দিন ১১:** ঈশ্বরের যে পরিচারকগণ কারাগারে পরিচর্যা কাজ করছেন তাদের জন্য প্রার্থনা করুন।

**দিন ১২:** অনলাইন খেলাগুলিতে আসক্ত পৃথিবীর শিশু এবং ইয়ুথদের সুরক্ষার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৩:** আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব চ্যানেলে অতিরিক্ত ভাষাগুলিতে পাস্টর এস. স্যাম সেলভা রাজের বাণীগুলি সম্প্রচারের জন্য।

**দিন ১৪:** আমাদের সেই সমস্ত সহকর্মীদের জন্য প্রার্থনা করবেন যারা শিক্ষাদান এবং অনুবাদ পরিচর্যার সঙ্গে যুক্ত আছেন।

**দিন ১৫:** আমাদের সহযোগি সম্পাদকদের জন্য এবং তাদের পরিবারের সদস্যদের জন্য প্রার্থনা করবেন।

**দিন১৬:** আমাদের সিনিয়ার পাস্টরের তাঁর আত্মজীবন লেখার সাফল্যের জন্য প্রার্থনা করুন

**দিন ১৭:** ইস্রায়েলে শান্তির জন্য প্রার্থনা করুন।

**দিন ১৮:** বৃদ্ধাশ্রমের বৃদ্ধদের জন্য প্রার্থনা করুন।

*(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)*

স্বর্গে এবং পৃথিবীতে এই কর্তৃত্ব অনুশীলনের ভিত্তি হচ্ছে এই মণ্ডলী। কেবল এই মণ্ডলীগুলির মাধ্যমে, ঈশ্বর দেশগুলিকে আশীর্ব্বাদ করেন।

আমরা যদি এই সত্যটি সম্পর্কে লোকদের বলি, তাদের পক্ষে এটা বুঝতে পারা কঠিন হবে। যারা খ্রীষ্টধর্ম অনুসরণ করে তারা হচ্ছেন কম সুবিধাপ্রাপ্ত লোক এবং তারা সমস্যার মধ্যে থাকা লোক। আপনি জিজ্ঞাসা করতে পারেন, "এই লোকেরাই কি ঈশ্বরের মনোনীত লোক?" উত্তরটি হলো "হাঁ", কারণ এটাই সত্য। যারা প্রভু যীশু খ্রীষ্টকে গ্রহণ করেছিল, তারা এই জগতের নয়। স্বর্গ তাদের সুরক্ষা করে।

## ৩। যারা সদাপ্রভুর গৃহে রোপিত তারা সমৃদ্ধ হবে!

**যাদের সদাপ্রভুর গৃহে লাগানো হয়েছে তারা আমাদের ঈশ্বরের প্রাঙ্গণে সমৃদ্ধ হয়ে উঠবে"** (গীত ৯২:১৩)।

আমরা একটি কৃত্রিম গাছ সরিয়ে দিতে পারি এবং আবার সেটি রোপণ করতে পারি। এর মধ্যে জল সেচন করার প্রয়োজন হবে না। যারা সদাপ্রভুর গৃহে রোপিত হয়েছে তারা এই কৃত্রিম গাছের মতো অস্থায়ী নয়। একটি প্রাকৃতিক গাছকে মাটিতে রোপন করতে হয় এবং জল সেচন করতে হয়। যাদের জীবন গাছের মতো তারা ফল দেবে, এবং ঈশ্বরের মণ্ডলীতে সমৃদ্ধি লাভ করবে। কেবল যাদের জীবন এই গাছের মতো তারাই তাদের জীবনে প্রকৃতভাবে সমৃদ্ধি লাভ করবে।

ঈশ্বরের মণ্ডলিতে রোপিত এবং জলসেচিত এবং সারযুক্ত গাছ ঈশ্বরের মণ্ডলীর মধ্যে শিকড় বিস্তার করে, সমৃদ্ধ হয় এবং মণ্ডলীর মধ্যে ফল প্রদান করে।

যারা প্রকৃত উৎসর্গসহ মণ্ডলীর সেবা করে, যারা মণ্ডলীর পালককে সাহায্য করার দ্বারা ফল দান করে তারা সমৃদ্ধ হবে। আজকের দিনে অধিকাংশ লোকের এই ধরণের আকাঙ্খা নেই। কয়েক জন লোক, এই উপসংহারে আসে যে তারা পরিত্রাণপ্রাপ্ত, তারা মণ্ডলী ছেড়ে চলে যায় এবং তারা নিজেদের সংস্থা তৈরী করে এবং বিভিন্ন কার্যকলাপ করে যা প্রভুর দ্বারা গ্রাহ্য নয় এবং তারা বিভিন্ন ধরণের সমস্যার মধ্যে পড়ে। অবশেষ একটা সময় আসে যখন তারা সমস্ত কিছু ছেড়ে দিয়ে দূরে চলে যায়। আপনি যখন বিশ্বস্তভাবে আপনার দর্শনের অনুশীলন করবেন এবং তাঁর মণ্ডলীতে ঈশ্বরের দ্বারা আপনার উপর অর্পিত কাজ এবং দায়িত্ব পালন করবেন তখন আপনি সমৃদ্ধ হবেন। কয়েক জন লোক জিজ্ঞাসা করতে পারেন, "আমি যদি চার্চে যাই, তাহলে সব কিছু কি ঠিক হবে?" হাঁ, সব কিছু ঠিক হবে। এই কথা যখন সাধারণ লোকদের বলা হবে, তখন তারা বুঝতে পারবে না। আমি যখন ছোট ছিলাম, তখন আমি আমার বৃদ্ধ পাস্টরের চপ্পলগুলো পরিষ্কার করে দিয়েছিলাম এবং তাঁকে সাহায্য করেছিলাম। ওটাই ছিল আমার পরিচর্যা কাজ। এই ছোট সেবার কারণে, ঈশ্বর আমাকে এই গৌরবময় পরিচর্যাগুলোর মধ্যে এনেছিলেন। আপনি কি মণ্ডলীতে রোপিত নাকি আপনাকে কেবল সেখানে রাখা হয়েছে? আজকের দিনে অনেকেই দৃঢ়ভাবে রোপিত বিশ্বাসী নন; কিন্তু তারা কেবল পরিদর্শক। যে বৃক্ষ মাটিতে দৃঢ়রূপে রোপিত থাকে তা ফল দেয়। অনেকের জীবন ফলহীন এবং আমরা বিজয়ী নই। আমরা বলি যে আমরা বিশ্বাসী এবং আমরা বিজয়ী নই। যত অধিক আপনি ঈশ্বরের মণ্ডলীর সঙ্গে যুক্ত থাকেন, তত অধিক আপনি দৃঢ়রূপে রোপিত হয়েছেন এবং তত অধিক আপনি ঈশ্বরের মণ্ডলীতে ফল দেবেন, তত অধিক ঈশ্বর আপনাকে সমৃদ্ধ করবেন। যারা স্বাধীনভাবে পরিচর্যা করছে তাদের উদ্দেশে স্বর্গীয় প্রখ্যাত পাস্টর জি.সুন্দরম বলতেন, "আপনি যে কোনও জায়গায় পরিচর্যার কাজ করতে পারেন এবং যে কোনও ভাবে আপনি এটা করতে পারেন;কিন্তু আপনাকে অবশ্যই দড়ির একটি প্রান্ত আপনার পোষাকের সঙ্গে এবং আরেক প্রান্ত একটি মণ্ডলীর সঙ্গে বেঁধে রাখতে হবে। আপনাকে অবশ্যই আপনার মণ্ডলীকে গুরুত্ব দিতে হবে। আপনি কেবল ঐ মণ্ডলী থেকেই আপনার শক্তি এবং ক্ষমতা লাভ করবেন। অন্যথা আপনি আপনার আত্মিক জীবনে অনাথ হয়ে যাবেন।" তিনি তাদেরকে উৎসাহের সঙ্গে এই কথাগুলো বলতেন। এটি কত বড় সত্য!

যিনি আপনার জন্য এই বাণীটি লিখছেন তিনিও একজন নেতার অধীনে কাজ করছেন এবং আমি আশীর্ব্বাদযুক্ত। ঈশ্বর আমাদের বেশ কয়েক জন সহযোগি পালক সহ অনুগ্রহ করেছেন। আমি আমার বরিষ্ঠদের বাধ্য। আমি সুখী। আপনার অবস্থা কী?

*(ক্রমশঃ, ৮ পাতায়)*


# নহিমিয় বাইবেল কলেজ

সান্ধ্যকালীন

চীপক এবং সন্তোষপুরম

মাধ্যম: তামিল

*Registered Candidate for Membership*

Asia Theological Association (ATA)

৫৩ বছর যাবৎ আন্তজার্তিক খ্রীষ্টিয় নেতৃবর্গ এবং বরিষ্ঠ পালকদের দ্বারা স্বীকৃত

**ঈশ্‌তত্ত্বে সার্টিফিকেট : এক বছর**

**ঈশ্‌তত্ত্বে ডিপ্লোমা : দুই বছর**

শিক্ষগত যোগ্যতা: দশম শ্রেণী এবং তদুর্ধ

ভর্ত্তির জন্য সত্বর যোগাযোগ করুন!

যোগাযোগ: চেয়ারম্যান, নহিমিয় বাইবেল কলেজ

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, BELLS ROAD, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## অনুগ্রহ করে আমাদের প্রধান কার্যালয়ের পরিচর্যা কাজের জন্য প্রার্থনা করুন

| | |
|---|---|
| ১। প্রার্থনা সভা | : ২৪ ঘণ্টা |
| ২। আহ্বানের প্রতিধ্বনি - মাসিক পত্রিকা: (১৬টি ভাষায় প্রকাশিত) | |
| ৩। বাইবেলকোর - ডাকযোগে বাইবেল শিক্ষার পাঠক্রম: ইংরাজী, তামিল এবং হিন্দি | |
| ৪। নহিমিয় বাইবেল কলেজ (দুটি কেন্দ্র) | |
| ৫। ডাকযোগে ঐশ্তাত্ত্বিক পাঠক্রম (ইংরাজী এবং তামিল মাধ্যম) | |
| ৬। মহান আদেশ অংশীদারগণ (পালকদের নেট ওয়ার্ক) | |
| ৭। প্রশিক্ষণ কর্মসূচীসমূহ | |
| ৮। ক্রুশেডসমূহ | |
| ৯। সুসমাচার সাহিত্য বণ্টন এবং ফলো আপ্ | |
| ১০। গস্পেল প্রিন্টিং প্রেস - প্রকাশনাসমূহ | |
| ১১। সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুল - গ্রাম্য উচ্চ বিদ্যালয় (ইংরাজী মাধ্যম) | |
| ১২। রবিবাসরীয় স্কুল : রবিবার সকাল ৮.০০ এবং ১০টা (প্রতি রবিবার) | |
| ১৩। তামিল উপাসনাসমূহ : রবিবার সকাল ৫টা, ৭টা এবং ১০টা | |
| ১৪। তেলুগু উপাসনা | : রবিবার বিকাল ৫টা |
| ১৫। হিন্দি উপাসনা | : রবিবার বিকাল ৪টা |
| ১৬। ইংরাজী এবং তামিল উপাসনা | : রবিবার সন্ধ্যা ৬টা |
| ১৭। পালকদের পরামর্শদান | : রবিবার বিকাল ৪টে |
| ১৮। মহিলাদের প্রার্থনাসভা | : বুধবার বিকাল ৫.৩০ মিনিট |
| ১৯। মধ্য-সাপ্তাহিক আরাধনা সভা | : বুধবার বিকাল ৬.৩০ মিনিট |
| ২০। পুরুষদের প্রার্থনা | : শুক্রবার সন্ধ্যা ৭ মিনিট |
| ২১। শিষ্যত্বের সভা | : শনিবার সন্ধ্যা ৬টা |
| ২২। গৃহ সভাগুলি | : মঙ্গল এবং বৃহস্পতি, সন্ধ্যা ৬.৩০ মিনি |
| ২৩। বিশেষ পবিত্র প্রভুর ভোজ | : প্রতি মাসের ১ম দিন সকাল ৬টা |
| ২৪। পরিচর্যাকারীদের পর্যালোচনা সভা | : ১ম শনিবার বিকাল ৫.৩০ মিনিট |
| ২৫। পিতা ও মাতাদের প্রার্থনা | : প্রথম রবিবার, বিকাল ৪টে |
| ২৬। নৈশ প্রার্থনা | : দ্বিতীয় শুক্রবার রাত ৯.৩০ মিনিট |
| ২৭। উপবাস প্রার্থনা | : তৃতীয় শনিবার সকাল ৯.৩০ মিনিট |
| ২৮। পবিত্র প্রভুর ভোজ | : দ্বিতীয় রবিবারের উপাসনাসভা |
| ২৯। সকালের অনুধ্যান | : প্রতিদিন ভোর ৫টা |
| ৩০। কর্মীদের অনুধ্যান | : প্রতিদিন সকাল ৯ টা |
| ৩১। অফিস | : প্রতিদিন সকাল ৯ টা থেকে রাত ৯টা (রবিবার ছাড়া) |

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্ব্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্ব্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

বিনামূল্যে মাসিক পত্রিকা

## আহ্বানের প্রতিধ্বনি

লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| **Account Name** | : **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : **1023 2923 805** |
| **Bank Name** | : **STATE BANK OF INDIA** |
| **Branch** | : **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : **SBIN 0000249** |
| **SWIFT Code** | : **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## ক্ষেত্রে পরিচর্যা

সদাপ্রভু ঈশ্বর মুক্তাঙ্গনে এবং ঘরের মধ্যে ছোট ছোট সভার মাধ্যমে তাঁর সুসমাচার প্রচার করার জন্য আমাকে ভালো ভালো বন্ধু দিয়েছিলেন। ডি. রীচার্ড থামবিরাজ, উইলিয়াম, সেলভারাজ, বিজিলি সামরাজ, পি.চন্দ্রসেখর, মিসেস জে. ভি.সেলভান ইত্যাদি ব্যক্তিগণ আমাকে এই পরিচর্যা কাজে সাহায্য করেছিলেন।


আমি যখন আমাদের এলাকার কাছেই নাভালার নগরে মুক্তাঙ্গণে সভাগুলি করছিলাম, লোকেরা প্রভু যীশু খ্রীষ্টের শক্তির দ্বারা স্পর্শ লাভ করছিল এবং মন্দ আত্মাবিষ্ট লোকেরা উদ্ধার পাচ্ছিল এবং অসুস্থ ব্যক্তিরা সুস্থ হচ্ছিল। এইভাবে প্রভুর অভিষেক কাজ করতে শুরু করেছিল।

এলাকার দরিদ্র, ধনী, স্বাক্ষর এবং নিরক্ষর লোকেরা প্রভু যীশু খ্রীষ্টকে তাদের ব্যক্তিগত ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করেছিল। অসংখ্য অলৌকিক কাজ সম্পাদিত হয়েছিল। আমি অ্যাকোরডিয়ান বাজাতাম, গান করতাম, শিশুদের মধ্যে পরিচর্যা কাজ করতাম, এবং এইভাবে ঈশ্বর আমাকে জীবন্ত ঈশ্বর যীশু খ্রীষ্টের একজন দাস হিসাবে উন্নীত করেছিলেন। লোকদের জীবনে যে সমস্ত অলৌকিক ঘটনাগুলো ঘটেছিল তার জন্য লোকেরা আমাকে সম্মান করতে শুরু করেছিল এবং আমার সঙ্গে প্রার্থনা সভাগুলিতে যোগদান করতে শুরু করেছিল। যারা রোমান ক্যাথলিক এবং প্রোটেস্ট্যান্ট মণ্ডলীর মতো অন্য কোনও মণ্ডলীর সদস্য বা সদস্যা ছিলেন তাদের কাউকে আমি কখনও গ্রহণ করিনি। যীশুকে অনুসরণ করানোর জন্য এবং তাঁর সেবা করার জন্য ঈশ্বর আমাকে নতুন বিশ্বাসীদের দিয়েছিলেন। আমি আমার বন্ধুদের সুসমাচার ট্রাক্ট এবং পুস্তিকাগুলো বিতরণ করার জন্য প্রশিক্ষণ দিয়েছিলাম যে বইগুলি আমাকে ফেইথ প্রেয়ার ট্রাক্টস এবং বুকলেটস্ লীগের রেভা.শমূয়েল ড্যানিয়েল মহাশয় যোগান দিয়েছিলেন। এছাড়াও আমি আমার বন্ধুদের গান করতে, সাক্ষ্য দিতে, প্রচার করতে এবং নতুন আত্মাদের পরিদর্শন করার প্রশিক্ষণ দিয়েছিলাম। এইভাবে আমি এক অতি ব্যস্ত জীবন শুরু করেছিলাম এবং আমার নিজেরে প্রাণের সমৃদ্ধির জন্য এবং সমস্ত উপায়ে, সমস্ত মূল্যে, এবং প্রত্যেক দিক থেকে ঈশ্বর আমাকে বিভিন্ন দেশের সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে সুসমাচার পৌঁছে দেওয়ার যে দায়িত্ব দিয়েছেন সেই ভার বহনের শক্তির জন্য আমি আরও অধিক প্রার্থনা করতে শুরু করেছিলাম। **"দুর্বলদের জন্য আমি দুর্বল হলাম, যেন দুর্বলদের জয় করতে পারি। সব মানুষের কাছে আমি সবকিছু হয়েছি, যেন সম্ভাব্য সমস্ত উপায়ে, আমি কিছু মানুষের পরিত্রাণ সাধন করতে পারি"** (১ করিন্থীয় ৯:২২)।



রেভা. শমূয়েল ড্যানিয়েল

১৯৭৩ সালের একদিন, আমি যখন বইয়ের দোকানের ম্যানেজার আমার বন্ধু ব্রাদার জে.এল.এস জেয়াবালানের সাহায্যে মাউন্ট রোডে ই.এল.এস. বইয়ের দোকানের কাছে "আমি সব থেকে ভালো পারি" শিরোনামের একটি সুসমাচার পুস্তিকা বিলি করছিলাম, তখন ঈশ্বরের একজন অগ্রণী দাস, রেভা.ডঃ.অগস্টিন পিটারের সঙ্গে আমার সাক্ষাৎ করেছিলাম, তিনি ঐ ব্যস্ত রাস্তার ওপরেই আমার মাথায় হাত রেখে প্রার্থনা করেছিলেন, ভাববাণী করেছিলেন এবং বলেছিলেন, "এখানে একটি বালক আছে -- আমি তাকে সুসমাচারের মহান পরিচর্যা কাজের জন্য মনোনীত করলাম। আমি তাকে আহ্বান করেছি। আমি তাকে অসাধারণ অনুগ্রহ দান, স্বাস্থ্য এবং সারা পৃথিবীর লোকদের দিয়েছি। সে আমার বিশ্বস্ত সেবক এবং প্রিয় পুত্র হবে যার উপর আমি আমার আশীর্ব্বাদ ঢেলে দেবো।



রেভা. ডঃ.অগস্টিন পিটারর্স এবং
পাস্টর এস. স্যাম সেলভা রাজ

অল্প কিছুদিন পর, তিনি আমার বন্ধু, ফটোগ্রাফার ব্রাদার সি.এন. রাজনের মাধ্যমে আমাকে ডেকেছিলেন এবং আমাকে সুসমাচারের পরিচারক হিসাবে অভিষিক্ত করেছিলেন। এখানে এটি উল্লেখ করা প্রাসঙ্গিক হবে যে সেই একই শক্তি, দর্শন এবং স্থায়িত্ব আজও আমার জীবনে বিদ্যমান আছে। তাঁর দ্বারা উচ্চারিত সব কথাগুলো সম্পূর্ণ হয়েছে। আমি এর জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিই!

....Contd. from page 6

### ৪। সদাপ্রভুর আনন্দের দিন

তুমি যদি সাববাথ-দিন লঙ্ঘন করা থেকে পা ফিরাও, আমার পবিত্র দিন নিজের ইচ্ছেমতো কাজ না করো, তুমি যদি সাববাথ-দিনকে আনন্দদায়ক ও সদাপ্রভুর পবিত্র দিনকে সম্মাননীয় আখ্যা দাও, আর যদি তুমি নিজের মনমতো পথে না গিয়ে সেদিনকে সম্মান করো, নিজের ইচ্ছেমতো কিছু না করো ও অসার কথাবার্তা না বলো, তাহলে তুমি সদাপ্রভুতে তোমার আনন্দ খুঁজে পাবে, আর আমি তোমাকে দেশের সর্বোচ্চ স্থানে আরোহণ করাব এবং তোমার পিতৃপুরুষ যাকোবের অধিকারে উৎসব করতে দেব," সদাপ্রভুর মুখ এই কথা বলেছেন (যিশাইয় ৫৮:১৩,১৪)।

সকলেই উচ্চতর স্থানগুলো লাভ করতে চায়। আমরা আমাদের পদগুলির উন্নতি চাই। কীভাবে আমরা এটা লাভ করতে পারি? প্রভুর দিন অর্থাৎ রবিবার আমাদের অধার্মিক লোকদের পরামর্শ থেকে দূরে থাকতে হবে এবং প্রভুকে সন্তুষ্টকারী কাজগুলি করতে হবে। নিজেকে সন্তুষ্টকারী বিষয়গুলি করবেন না এবং নিজের বিষয় কথাবার্তা বলবেন না, যেহেতু ঐ দিনটি প্রভুর দিন, আনন্দের দিন। এই দিনটি উত্তম দিন, আনন্দের দিন, উদ্যাপনের দিন এবং এই দিনটিকে সম্মানের দিন হিসাবে চিন্তা করুন। এই দিন, টেলিভিশনে কোনও অনুষ্ঠান দেখবেন না--- কিন্তু মণ্ডলীর উপাসনাগুলিকে গুরুত্ব দিন এবং মণ্ডলীর উপাসনা সভাগুলিতে যোগদান করার বিষয়টিকে আপনার কর্তব্য বলে চিন্তা করুন। তারপর আপনি প্রভুতে নিজে আনন্দ করবেন। এর অর্থ এটা নয় যে আপনি অন্য দিনগুলোর মতো নিজের খুশী মতো জীবন যাপন করতে পারেন।

রবিবার, সকালের আরাধনার পর, আপনি যদি আপনার নিজের জাগতিক বিষয়গুলির জন্য সময় দেবার পরিকল্পনা করেন, তাহলে আপনি আপনার জীবনে প্রকৃত আনন্দ লাভ করতে পারবেন না। আপনার জীবনে কোনও উন্নতি হবে না। আপনাকে অবশ্যই এই দিনটিকে প্রভুর উদ্দেশ্যে উৎসর্গ করতে হবে। আপনি যদি এই দিনটিতে আপনার বন্ধুদের সঙ্গে দেখা করার অথবা আপনার নিজের কাজ করার মতো জাগতিক বিষয়গুলির মধ্যে নিজেকে নিয়োজিত করেন তাহলে আপনি আপনার জীবনে উন্নতি করতে পারবেন না।

আপনি যখন প্রভুর দিনটিকে একটি আনন্দের দিন হিসাবে বিবেচনা করবেন এবং প্রভুর জন্য পৃথক করে রাখবেন, তখন আপনি সুখী হবেন। প্রভু আপনাকে পৃথিবীতে সব থেকে উচ্চ পদে অধিষ্ঠিত করবেন। আপনার জীবনে যদি অর্থনৈতিক অথবা স্বাস্থ্যের অভাব থাকে অথবা আপনার জীবনে যদি আত্মিক হতাশা থাকে অথবা আপনি যদি অনুভব করেন আপনার কোনও কিছুর অভাব আছে যা অন্যদের কাছে আছে এবং আপনি যদি প্রভুকে জিজ্ঞাসা করেন "কেন প্রভু?" উত্তরটি হবে: পবিত্র আত্মা এই বাণীটির মাধ্যমে আপনার সঙ্গে স্পষ্টভাবে কথা বলছেন। আপনি যদি তাঁর দিনটিকে একটি আনন্দের দিন হিসাবে বিবেচনা করেন, তাহলে আপনি সুখী হবেন এবং প্রভু আপনাকে উচ্চতম স্থানে রাখবেন।

## ৫। আর্থিক আশীর্ব্বাদগুলি!

**" তোমরা সমস্ত দশমাংশ আমার ভাণ্ডারে নিয়ে এসো। এই বিষয়ে আমাকে পরীক্ষা করো, সর্বশক্তিমান সদাপ্রভু বলেন, এবং দেখো আমি স্বর্গের সব দরজা তোমাদের জন্য খুলে দিয়ে অনেক আশীর্ব্বাদ ঢেলে দিই কি না যা ধরে রাখার জন্য যথেষ্ট জায়গা হবে না"** (মালাখি ৩:১০)।

"আমি যদি আমার আয়ের একটি অংশ দিই, তাহলে কি আমার সামনে একটি ভালো সময় থাকবে?" আপনার সমস্ত আয়ের দশমাংশ ঈশ্বরের। আপনি ঈশ্বরকে আপনার আয়ের যে দশমাংশ ঈশ্বরকে দিচ্ছেন তা অবশ্যই আপনি ঈশ্বরকে ঋণ দিচ্ছেন না। আপনার আয়ের দশমাংশ ঈশ্বরের। ঈশ্বরের এই দশমাংশ আপনার কোথায় দেওয়া উচিৎ? আপনার মণ্ডলীর ভাণ্ডারে আপনার দশমাংশ আনুন। আপনার দশমাংশ আপনার সুসমাচার কাজের জন্য অথবা আপনার পত্রিকা পরিচর্যার জন্য অথবা মিশনারী কাজের জন্য নয়। কোনও একটি এলাকায় কয়েক জন্য সুসমাচার প্রচারকের কাজের জন্য নয়, সেমিনারের আয়োজন করার জন্য নয়। এটি সম্পূর্ণরূপে আপনার মণ্ডলীর জন্য, যে মণ্ডলীর আপনি সদস্য। মণ্ডলী এটি এর পরিচর্যা কাজের জন্য ব্যবহার করতে পারে এবং এটি অন্য এলাকায় ঈশ্বরের পরিচর্যা কাজে দরিদ্র এবং অভাবী লোকদের জন্য ব্যবহৃত হতে পারে।

এমন একটি মণ্ডলীকে খুঁজে বের করা এবং সেই মণ্ডলীর সদস্য হওয়া আপনার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ যেখানে ঈশ্বরের টাকা কেবল ঈশ্বরের জন্য ব্যবহার করা হয়। বাইবেলে বলা হয়েছে আপনার সমস্ত আয়ের দশমাংশ মণ্ডলীর ভাণ্ডারে আনতে হবে। বিশ্বাসীদের ঐ দশমাংশ স্পর্শ করার এবং যেখানে সেখানে লোকদের দান করার কোনও অধিকার নেই।

মণ্ডলীর ভাণ্ডারে আপনার দশমাংশ নিয়ে আসুন। প্রভু বলছেন 'তিনি আপনার জন্য স্বর্গের জানালাগুলো খুলে দিয়ে আপনার উপর আশীর্ব্বাদ ঢেলে দেন কি না তার জন্য আপনি তাকে পরীক্ষা করে দেখুন, ঈশ্বরের পদগুলি থেকে আমাদের একটি শব্দও পরিবর্তিত করা উচিত নয়'। আমি একজন ব্যক্তি যে আমার আয়ের দশমাংশ আমার মণ্ডলীতে দানের মাধ্যমে আশীর্ব্বাদ লাভ করেছিলাম। কয়েক সময় আমরা যখন ক্ষুদ্র উপার্জন করি, তখন আমরা দশমাংশ দিই। কিন্তু আমাদের আয় যখন বৃদ্ধি লাভ করে, তখন আমাদের দশমাংশ দান করা কঠিন হয়ে যায়। আপনার আয় যখন ১০০ টাকা, তখন আপনি ১০ টাকা দিতে পারেন, যখন আপনার আয় ১০০০ টাকা, তখন একশো টাকা দান করা সম্ভব, কিন্তু আপনার আয় যখন ১০,০০০ টাকা, তখন ১০০০ টাকা দশমাংশ দেওয়া ততটা সহজ হয় না। প্রভু যখন আমাদের আরও অধিক আশীর্ব্বাদ দেন এবং আমরা যদি তখন আমাদের দশমাংশ দানের বিষয় বিশ্বস্ত হই, তাহলে প্রভু আমাদের প্রচুররূপে আশীর্ব্বাদ করেন। আপনি যখন আপনার চার্চে দশমাংশ দেন, তখন ঈশ্বর আপনার জন্য স্বর্গের জানালাগুলো খুলে দেন এবং আপনার উপর তাঁর আশীর্ব্বাদ বর্ষণ করেন। অনেকে এই বিষয়ে সচেতন নন। আপনি এটা করুন এবং দেখুন কী ঘটে। আপনি বিজয়ী হবেন।

************

## SPECIAL ANNOUNCEMENT

### We Need Honorary Representatives!

Of late, we find that the number of readers of **Echo of His Call** magazine printed in Sinhala, Nepali, Urdu and Afrikaans languages has considerably reduced. This may be due to the loss of our old friends and the probable relocation of their domicile. We have been thinking of ways and means to strengthen the number of readers.

As a measure of effort, we solicit Honorary Representatives from our readers of Nepali, Urdu, Sinhala and Afrikaans to

(i) Enroll more and more readers for the magazines in their respective languages.
(ii) To come forward to print more copies and dispatch to the readers in their respective countries / areas and
(iii) Help us by raising some Honorary Representatives to provide new addresses and to promote the distribution by taking photo copies and sending them to family and friends.

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/21-23 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/21-23

## আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব

অনুগ্রহ করে যখনই সময় পাবেন তখনই আমাদের ইউটিউব চ্যানেলটি দেখুন এবং সাবস্ক্রাইব করুন। ধন্যবাদ ।

– সম্পাদক

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

Branch : **Triplicane, Chennai-5**
Name : **S. Sam Selva Raj**
A/C No. : **1023 2934 679**
IFSC : **SBIN 00 00 249**
SWIFT CODE : **SBI NIN BB 455**

### *2. Bank : ICICI Bank*

Branch : **Anna Salai, Chennai-6**
Name : **Echo of His Call**
A/C No. : **6038 0502 2319**
IFSC : **ICIC 000 6038**

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

Branch : **Triplicane, Chennai-5**
Name : **Echo of His Call Educational Trust**
A/C No. : **1023 2923 805**
IFSC : **SBIN 00 00 249**

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

## ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

**RNI NO. 70104/98**
**Postal Regn. No. TN/CH/(C)/205/21-23**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/21-23**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS / 1 Patrika Channel"**
**on 14th FEBRUARY 2023**
**If un-delivered please return to:**
**ECHO OF HIS CALL (BENGALI)**
**P.O. Box No. 2957,**
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**

***JESUS LOVES YOU!***

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**